



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
web-site: [www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

স্মারক নং বিঅ-৬/ ২০১১

তারিখ : ০২/০৭/১১

বিষয় : নিম্ন মাধ্যমিক পর্যায়ে (৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত) পাঠদানের অনুমতি প্রদান

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ২৩-০৫-২০১১ তারিখে ৩৭.০০.০০০০.০৭৩.৩৩. ১২৭. ১৭. ১৬৪ নং স্মারক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত শর্তে বিদ্যালয়টি ০১-০১-২০১৮ খ্রি. তারিখ থেকে ৩১-১২-২০২০ খ্রি. তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক বিদ্যালয় হিসেবে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো

- শর্তসমূহ
- ০২ (দুই) বছরের মধ্যে বিদ্যালয়ের নিজস্ব জমিতে অবকাঠামো নির্মান করতে হবে
  - নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে
  - প্রবিধানমালা ২০০৯ এর ৪৮ বিধি অনুযায়ী নির্বাহী কমিটি যথাযথ নিয়মে প্রধান শিক্ষকসহ অন্যান্য শিক্ষক নিয়োগ করবেন। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে NTRCA আইন-২০০৫ অনুসরণ করতে হবে
  - প্রাথমিক অনুমতিকে কোন অবস্থাতেই স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না
  - উক্ত মেয়াদের মধ্যে অস্থায়ী স্বীকৃতি পাওয়ার শর্ত পূরণে ব্যর্থ হলে প্রদত্ত অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে
  - শিক্ষা মন্ত্রণালয়ের ১৬-০৬-২০০৯ তারিখে এস.আর.ও নং-১৫৩/আইন/২০০৯ নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে
  - আগামী ০৩ (তিন) বছরের জে.এস.সি পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে
  - পাঠ্যক্রম অনুযায়ী বার্ষিক পাঠপরিকল্পনা প্রণয়নপূর্বক পাঠদান করাতে হবে
  - বোর্ডের পূর্বানুমতি ছাড়া সংরক্ষিত তহবিলের অর্থ কোন ক্রমেই উত্তোলন করা যাবে না
  - জাতীয় দিবসসমূহ উদযাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন করতে হবে
  - বিদ্যালয়ের চারিদিকে ফলজ ও গুঁষধি বৃক্ষ রোপন করতে হবে
  - লাইব্রেরিতে বই এর সংখ্যা বৃদ্ধি করতে হবে। ছোটদের বাংলা পিডিয়া ও বাংলা একাডেমিক কর্তৃক প্রকাশিত বাংলা-বাংলা, বাংলা-ইংরেজি, ইংরেজি বাংলা অভিধানসমূহ প্রতিটি ০৩ (তিন) কপি করে ক্রয় করতে হবে
  - বিদ্যালয়ে ইন্টারনেট ব্যবহার উপযোগী সচল কম্পিউটার থাকতে হবে

প্রধান শিক্ষক  
দরগাহপুর আফিল উদ্দিন আদর্শ নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়  
ডাকঘর: দরগাহপুর, উপজেলা: আশাশুনি, জেলা: সাতক্ষীরা

( ড. বিশ্বাস শাহিন আহম্মদ )  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।  
ফোন : ০৪২১- ৬৮৬৩৪

স্মারক নং বিঅ-৬/ ২০১১(২২)

অবগতির জন্যে অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৫। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। জেলা শিক্ষা কর্মকর্তা, সাতক্ষীরা
- ৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আশাশুনি, সাতক্ষীরা
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, আশাশুনি, সাতক্ষীরা
- ৯। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১০। পি. এস. টু. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১১। সংরক্ষণ নথি

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর